# স্মার্ট বাংলা কৃষি সমবায় সমিতি লিঃ

## উপ-আইন

সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) অনুসারে নিবন্ধনকৃত

**~: সমিতির কার্যালয়ের ঠিকানা :~**

দক্ষিণ চকযদু
ইউনিয়ন: ধামইরহাট পৌরসভা , উপজেলা:
ধামইরহাট
জেলা: নওগাঁ , বিভাগ: রাজশাহী

**নিবন্ধন নং- ২০২৪.১.০১.৬৪২৮.০১৪৬**
**তারিখ: ২৯-০৭-২০২৪**

সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এর ধারা ১০ মোতাবেক "স্মার্ট বাংলা কৃষি সমবায় সমিতি লিঃ" এর উপ-আইন যথারীতি আমার কার্যালয়ে নিবন্ধিত হয়েছে।

খোন্দকার মনিরুল ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা
নওগাঁ

## প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম ।--** এই উপ-আইন স্মার্ট বাংলা কৃষি সমবায় সমিতি লিঃ এর উপ-আইন নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা ।--** বিষয় বা প্রসঙ্গের প্রয়োজনে ভিন্নরূপ না হইলে, এই উপ-আইনেঃ
(ক) 'আইন' বলিতে সমবায় সমিতি আইন, ২০০১ ও উহার পরবর্তী সংশোধনীসমূহ বুঝাইবে এবং 'বিধিমালা' বলিতে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ ও উহার পরবর্তী সংশোধনীসমূহ বুঝাইবে।
(খ) 'উপ-আইন' বলিতে এই সমিতির উপ-আইন বুঝাইবে।
(গ) 'নিবন্ধক' বলিতে সমবায় অধিদপ্তরের শীর্ষ কর্মকর্তা এবং নিবন্ধকের নিকট হইতে সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকেও বুঝাইবে।
(ঘ) 'সমিতি' বলিতে পরবর্তীতে এই সমিতিকে বুঝাইবে।

## সমিতির নাম ও ঠিকানা

৩। **সমিতির নাম ।--** এই সমিতির নাম- স্মার্ট বাংলা কৃষি সমবায় সমিতি লিঃ

৪। **সমিতির ঠিকানা ।--**
(১) সমিতির নিবন্ধনকৃত অফিস হইবেঃ গ্রাম: দক্ষিণ চকযদু, উপজেলা: ধামইরহাট, জেলা: নওগাঁ
(২) সমিতির ঠিকানা পরিবর্তন করিতে হইলে ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তক্রমে নিবন্ধককে লিখিতভাবে অবহিত করিতে হইবে এবং উপ-আইন সংশোধন করিতে হইবে।

## সমিতির সদস্য নির্বাচনী এলাকা ও কর্ম

৫। **সমিতির সদস্য নির্বাচনী এলাকা**
নওগাঁ জেলার ধামইরহাট উপজেলার আড়ানগর, উমার ইউনিয়নের , নওগাঁ জেলার ধামইরহাট উপজেলার ধামইরহাট পৌরসভা মধ্যে সীমাবদ্ধ।

৬। **সমিতির কর্ম এলাকা**
নওগাঁ জেলার ধামইরহাট উপজেলার আড়ানগর, উমার ইউনিয়নের , নওগাঁ জেলার ধামইরহাট উপজেলার ধামইরহাট পৌরসভা মধ্যে সীমাবদ্ধ।

## সমিতি গঠনের লক্ষ্য ও উদ্দেশ্য

৭। **সমিতি গঠনের লক্ষ্য ও উদ্দেশ্য ।--**

সমিতি গঠনের লক্ষ্য ও উদ্দেশ্য।

ক) সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়নকল্পে কৃষি উৎপাদন সংশ্লিষ্ট প্রকল্প গ্রহণ, তাহাদের জীবনযাত্রার মান উন্নয়নে সহায়তাকরন এবং সমবায় সমিতি আইন ও সমবায় সমিতি বিধিমালা অনুযায়ী সদস্যদের মধ্যে ঋণ কার্যক্রম পরিচালনাসহ সমিতির নির্ধারিত প্রকার ও শ্রেণির সঙ্গে সংগতিপূর্ণ দারিদ্র্য বিমোচন সংক্রান্ত কার্যক্রম গ্রহণ ;

খ) সাধারণ উদ্দেশ্যসমূহ :
(১) সভ্যগনকে মিতব্যয়িতা ও সঞ্চয়কার্যে উৎসাহ দেওয়া ও সহায়াতা করা।
(২) সভ্যদের মধ্যে শেয়ার বিক্রয় এবং সভ্যদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় আদায়ের মাধ্যমে সমিতির মুলধন গঠন করতঃ উহা সমবায় আইন ও বিধিমালা এবং সমিতির উপ-আইন মোতাবেক যথাযথ ব্যবহার করিয়া সমিতিকে একটি লাভজনক প্রতিষ্টানে পরিনিত করা ।
(৩) সদস্যগনের সামাজিক অধিকার এবং দায়িত্ব সম্পর্কে সচেতন করা। পুঁজিপুতি ও মধ্যবর্তী ব্যবসায়ীদের মুনাফাখোরী প্রভাব হইতে



খোন্দকার মনিরুল ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা
নওগাঁ

সদস্যদের রক্ষা করা।
(৪) সমিতির উদ্দেশ্য পূরনকল্পে দারিদ্র বিমোচন সংক্রান্ত আইনসঙ্গত যে কোন কার্যক্রম গ্রহণ।
উপরোল্লিখিত উদ্দেশ্য সাধনের জন্য দেশের প্রচলিত আইন প্রতিপালনপূর্বক সমিতি প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করিবে।

**৮। সিলমোহর ।--**
ব্যবস্থাপনা কমিটি সমিতি পরিচালনার জন্য একটি সাধারণ সিলমোহর রাখিবে এবং উহা সম্পাদকের নিকট থাকিবে।

## সমিতির সদস্যপদ

**৯। সমিতির সদস্যপদের যোগ্যতা ।--**
(১) সমিতির শ্রেণি ও প্রকারের সঙ্গে সংগতিপূর্ণ যে সমস্ত পুরুষ ও মহিলা সমিতির সদস্য নির্বাচনী এলাকায় বাস করেন এবং ১৮ বৎসর বা তদুর্ধ্ব বয়স্ক তাহারাই এই সমিতির সদস্য হইতে পারিবেন।
(২) যাহারা সদস্য হইবেন তাহারা প্রত্যেকেই
(ক) ২০/- (বিশ) টাকা করিয়া ভর্তি ফিস দিতে হইবে।
(খ) ৫০/- (পঞ্চাশ) টাকার অন্তত ০১ (এক)টি শেয়ার ক্রয়সহ শেয়ার মূল্যের সমপরিমাণ টাকা সঞ্চয় আমানত হিসেবে জমা দিতে হইবে।
(গ) সদস্যদের তালিকা বহিতে প্রয়োজনীয় তথ্য দিয়ে দস্তখত বা টিপসহি দিতে হইবে।
(ঘ) সমিতির উপ-আইন মানিয়া চলিবার লিখিত প্রতিশ্রুতি দিতে হইবে।
(ঙ) নতুন সদস্যদের ভর্তির ক্ষেত্রে সমিতির ব্যবস্থাপনা কমিটির অনুমোদনের প্রয়োজন হইবে।

**১০। সদস্যের মনোনীত ব্যক্তি ।--**
সমিতির প্রত্যেক সদস্য এমন একজন একক ব্যক্তিকে মনোনীত করিবেন, সদস্যদের মৃত্যুর পর অথবা অন্য কোনো কারণে সদস্যপদ হারাইলে তাহার অনুপস্থিতিতে তাহার শেয়ার এবং তৎসংক্রান্ত যাবতীয় অধিকার ও দায় দায়িত্ব অর্জন করিবেন; এই ক্ষেত্রে উত্তরাধিকার সংক্রান্ত কোনো আইন প্রযোজ্য হইবে না। সদস্য ইচ্ছা করিলে যে কোন সময়ে তাহার মনোনয়ন লিখিতভাবে পরিবর্তন বা বাতিল করিতে পারিবেন।

**১১। সদস্যপদের অবসান ।--**
নিম্নলিখিত কারণে সদস্যপদের অবসান হইবে:-
(ক) সমস্ত শেয়ার বাজেয়াপ্ত বা হস্তান্তরিত হইলে, বা
(খ) সদস্যপদের যোগ্যতা হারাইলে, বা
(গ) সদস্যপদ প্রত্যাহার করিলে, বা
(ঘ) মৃত্যু ঘটিলে, বা
(ঙ) ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সদস্যপদ রহিত হইলে, বা
(চ) আদালত কর্তৃক দেউলিয়া বা অপ্রকৃতিগ্রস্থ ঘোষিত হইলে।

**১২। সদস্যপদ প্রত্যাহার ।--**
কোন সদস্য যদি নিজে অথবা জামিনদার হিসেবে সমিতির নিকট ঋণী না থাকেন তাহা হইলে ব্যবস্থাপনা কমিটির নিকট ১ মাসের লিখিত নোটিশ দিয়া সদস্যপদ ত্যাগ করিতে পারিবেন, কিন্তু এরূপ ক্ষেত্রে সদস্য পদত্যাগীকে সমিতির কোনো পাওনা ঋণ বা অগ্রিম থাকিলে তাহা শেয়ার বা আমানত হইতে কর্তন করিয়া রাখা যাইবে। সদস্যের শেয়ার বা আমানত কোন সদস্যের নিকট অথবা নতুন কোনো সদস্য বরাবর হস্থান্তর করা যাইবে। সমিতি কোন শেয়ার ক্রয় করিবে না।

**১৩। সদস্য বহিষ্কার ও অপসারণ ।--**
(ক) কোনো সদস্য ব্যবস্থাপনা কমিটির সভার বিবেচনায় যদি ইচ্ছাপূর্বক আইন, বিধিমালা, উপ-আইন বা সমিতির প্রণীত অন্য কোন নিয়ম লংঘন করেন, তাহা হইলে ৭ (সাত) দিনের নোটিশ দিয়া উপ-আইনের বিধান অনুযায়ী তাহাকে জরিমানা, পদচ্যূত বা সদস্যপদ রহিত করা যাইবে।
(খ) বাতিলকৃত সদস্যের পাওনা শেয়ার বা আমানত সম্মন্ধে ব্যবস্থাপনা কমিটি যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে। সদস্যপদের যোগ্যতা হারাইলে উক্ত ব্যক্তিকে ব্যবস্থাপনা কমিটি পরবর্তী সাধারণ সভায় অনুমোদন সাপেক্ষে সদস্যপদ হইতে অপসারণ করিতে পারিবেন।

**১৪। সমিতির সদস্যগণের অধিকার ও দায়বদ্ধতা ।--**
(ক) সদস্যের অধিকার:- সমবায় সমিতি আইন, ২০০১ এর ধারা ৩৬ হতে ৪১ পর্যন্ত এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধি ৮৭ হইতে ৯১ পর্যন্ত কার্যক্রম হইবে।
(খ) সদস্যের দায়:- সমিতির দেনার জন্য সদস্যগণ স্বস্ব কর্তৃক ক্রয়কৃত শেয়ারের হার পর্যন্ত দায়ী হইবে।
(গ) প্রতিনিধি মনোনয়ন:- ব্যবস্থাপনা কমিটি এই সমিতির কেন্দ্রীয় বা জাতীয় সমিতিতে সমিতির সদস্যদের মধ্য হইতে একজন সদস্যকে



খোন্দকার মনিরুল ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা
নওগাঁ

প্রতিনিধিত্ব করার জন্য মনোনয়ন দিবেন।
(ঘ) সমিতির সদস্যগণকে প্রতিমাসে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত পরিমাণ সঞ্চয় আমানত বাবদ অর্থ সমিতিতে জমা দিতে হবে।
(ঙ) প্রত্যেক সদস্যকে প্রতি সমবায় বর্ষে কমপক্ষে ০১ (এক)টি শেয়ার খরিদ করিতে হইবে।
(চ) পর পর ০৩ (তিন) মাস কোনো সদস্য সঞ্চয় আমানত জমা প্রদানে ব্যর্থ হইলে বা সমবায় বর্ষের মধ্যে কমপক্ষে ০১ (এক)টি শেয়ার খরিদ করিতে ব্যর্থ হইলে উক্ত সদস্যদের সদস্যপদ সাময়িকভাবে রহিত করা হইবে।
(ছ) সদস্যপদ রহিত প্রত্যাহার করিতে হইলে সকল প্রকার বকেয়াসহ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত জরিমানার অর্থ সমিতিতে জমা দিতে হইবে।
(জ) সকল প্রকার বকেয়াসহ জরিমানার অর্থ সমিতিতে জমা প্রদান করা হইলে ব্যবস্থাপনা কমিটি উক্ত সদস্যপদ বহালের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিয়া সদস্যকে জানাইয়া দিবে।

## মূলধন সৃষ্টি, ব্যবহার এবং ঋণ আদায়

**১৫। মূলধন সৃষ্টির উপায় ।--**
সমবায় আইন, বিধিমালা এবং এই উপ-আইনের বিধান মান্য করিয়া নিম্নলিখিতভাবে সমিতির মূলধন সংগ্রহ করা যাইতে পারে
(ক) শেয়ার বিক্রয়
(খ) সদস্যের নিকট হইতে আমানত গ্রহণ
(গ) কেন্দ্রীয় সমিতি, কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে ঋণ গ্রহণ সদস্য ব্যতিত কোন ব্যক্তির নিকট হইতে কোন আমানত বা ঋণ গ্রহণ করিতে পারিবে না
(ঘ) সরকারি বা অন্যত্র হইতে অনুদান বা ঋণ গ্রহণ
(ঙ) সম্পত্তি, ব্যবসায়, কারবার বা অন্যান্য আয় হইতে।

**১৬। অনুমোদিত শেয়ার মূলধন ।--**
(ক) সমিতির অনুমোদিত শেয়ার মূলধনের পরিমাণ ১০০০০০০/- (দশ লক্ষ) টাকা হইবে এবং প্রতি শেয়ারের মূল্য হইবে ৫০/- (পঞ্চাশ) টাকা। সদস্য ব্যতীত অন্য কেউ শেয়ার ক্রয় করিতে পারিবেন না।
(খ) কোনো সদস্য সমিতির মোট অনুমোদিত শেয়ার মূলধনের (১/৫) অংশের বেশি শেয়ার খরিদ করিতে পারিবে না।

**১৭। সদস্যদের ঋণ গ্রহণের সীমা ।--**
শেয়ার বাবদ প্রদত্ত টাকার ৪০ গুণের অধিক কোনো সদস্যই ঋণ পাইবে না। ঋণ গ্রহণের শর্তাবলী সমিতি কর্তৃক ঋণ নীতিমালা প্রণয়নপূর্বক নীতিমালা মোতাবেক লেনদেন হইবে। সদস্য ব্যতিত কোনো ব্যক্তিকে ঋণ দেওয়া যাইবে না।

## সাধারণ সভা

**১৮। সাধারণ সভা ।--**
প্রতি বৎসর নির্ধারিত সময়ের মধ্যে সকল সদস্য সমন্বয়ে বিধি মোতাবেক সাধারণ সভা অনুষ্ঠান যথারীতি হইবে। বিশেষ কারণে সমিতি বিধি মোতাবেক বিশেষ সাধারণ সভা আহ্বান করিতে পারিবে।

**১৯। সাধারণ সভা অনুষ্ঠান ।--**
সমবায় সমিতি আইন, ২০০১ এর ধারা ১৬ হইতে ১৭ পর্যন্ত এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধি ১৩ হইতে ২১ পর্যন্ত অনুসরণপূর্বক সাধারণ সভা বা বিশেষ সাধারণ সভা বা তলবী সভা অনুষ্ঠান করিতে হইবে।

## সমিতির ব্যবস্থাপনা

**২০। ব্যবস্থাপনা কমিটি ।--**
(১) সমিতির পরিচালনার যাবতীয় দায়িত্ব সমবায় সমিতি আইন, বিধিমালা ও উপ-আইন মোতাবেক ৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি ব্যবস্থাপনা কমিটির উপর ন্যস্ত থাকিবে এবং সাধারণ সভায় সম্পাদনযোগ্য কার্য ব্যতিত সমিতির সকল কার্য উক্ত কমিটি সম্পাদন করিবে। ব্যবস্থাপনা কমিটি বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ৩ (তিন) বৎসরের জন্য নির্বাচিত হইবেন। তিন বৎসর পূর্তির পূর্বে কমিটি গঠনের জন্য নির্বাচন সম্পন্ন করিতে হইবে। সদস্য বিশিষ্ট কমিটির সদস্যগণ নিম্নলিখিত পদধারী হইবেনঃ-

১) সভাপতি- ১জন, ২) সহ-সভাপতি- ১জন, ৩) সম্পাদক- ১জন, ৪) সদস্য, ব্যবস্থাপনা কমিটি- ৩জন

সমিতির সাংগঠনিক সভায় ব্যবস্থাপনা কমিটির মোট সদস্য ও পদসমূহ নির্ধারিত হইবে।
(২) নির্ধারিত মেয়াদের মধ্যে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সম্পন্ন করা না হইলে মেয়াদ পূর্তির সাথে সাথেই উক্ত কমিটি বিলুপ্ত হইবে এবং নিবন্ধক সমিতির সদস্য বা সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে ৯০ দিনের জন্য ১টি অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করিবেন।
(৩) নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির কোনো সদস্যের পদ কোনো কারণে শূন্য হইলে ব্যবস্থাপনা কমিটি উক্ত পদে নির্বাচিত হইবার যোগ্য সদস্যকে কো-অপ্ট করিয়া শূন্যপদ পূরণ করিবেন।

**২১। ব্যবস্থাপনা কমিটির নির্বাচন পদ্ধতি ।--**



খোন্দকার মনিরুল ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা
নওগাঁ

সমবায় সমিতি আইন, ২০০১ এর ধারা ১৮(২) এবং বিধি ২২-৩৬ এর বিধান সাপেক্ষে সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ সাধারণ সভায় নির্বাচিত হইবেন।

**২২| ব্যবস্থাপনা কমিটির ভাতা প্রদান ।--**

উপ আইন যাহাই থাকুক না কেন সমিতিতে ধার্যকৃত নিরীক্ষা ফি এবং সমবায় আইনের ৩৪ ধারা অনুযায়ী ধার্যকৃত সমবায় উন্নয়ন তহবিল বকেয়া থাকিলে ব্যবস্থাপনা কমিটির সদস্যগণকে কোন ভাতা দেওয়া যাইবে না।

**২৩| ব্যবস্থাপনা কমিটির ক্ষমতা ।--**

ব্যবস্থাপনা কমিটি নিম্নরূপ কার্যাদি সম্পন্ন করিতে পারিবেঃ-

(১) নতুন সদস্য ভর্তি,

(২) সাধারণ সভার অনুমোদনক্রমে আইন ও উপ-আইনের বিধান মতে বর্তমান কোনো সদস্যকে অপসারণ, বহিষ্কার বা সদস্যপদ স্থগিত অথবা জরিমানা করা।

(৩) তহবিল উন্নীতকরণ,

(৪) তহবিল বিনিয়োগ,

(৫) সমিতির স্বার্থে মামলা দায়ের, পরিচালনা ও আপোষ করা,

(৬) শেয়ার আবেদনপত্র নিষ্পত্তি করা,

(৭) ঋণের আবেদন নিষ্পত্তি এবং তাহার বিপরীতে জামানত নির্ধারণ করা।

(৮) বিশেষ ধরনের কাজের জন্য উপ কমিটি গঠন করা।

(৯) হিসাব সংরক্ষণ ও হিসাব বিবরনী প্রস্তুতকরণ।

**২৪| সভাপতি ও সহ-সভাপতির ক্ষমতা ও কর্তব্য ।--**

আইন ও বিধি অনুযায়ী সমিতির সভাপতি এবং কোন জরুরী অবস্থার প্রেক্ষিতে সভাপতির অনুপস্থিতে সমিতির সহ-সভাপতি সমিতির স্বার্থে ঋণ বরাদ্দ ব্যতীত সমিতির ব্যবস্থাপনা কমিটির সকল প্রকার ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

**২৫| সম্পাদকের ক্ষমতা ও দায়িত্ব ।--**

(ক) সমিতির কার্য সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে প্রয়োজন অনুযায়ী সমিতির ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বান এবং আলোচ্যসুচী মোতাবেক সভা অনুষ্ঠানের কমপক্ষে ২৪ (চব্বিশ) ঘন্টা পূর্বে সদস্যগণকে সভার কার্যক্রম অবহিতকরণ;

(খ) সমিতির ব্যবস্থাপনা কমিটির নিকট অথবা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত কোন সদস্যের নিকট সমিতির আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে পরীক্ষা ও অনুমোদনের জন্য উপস্থাপন;

(গ) সমিতির দৈনন্দিন অন্যান্য কার্যাদি।

**২৬| ব্যবস্থাপনা কমিটির সদস্যপদের বিলুপ্তি ও অফিসার অপসারণ ।--**

ব্যবস্থাপনা কমিটির কোন সদস্যের সদস্যপদের বিলুপ্ত হইবে,যদি-

(ক) উক্ত সদস্য ব্যবস্থাপনা কমিটিতে নির্বাচিত হইবার যোগ্যতাসমূহ বহাল না রাখেন;

(খ) পদত্যাগ করেন;

(গ) মৃত্যুবরণ করেন;

**২৭| ব্যবস্থাপনা কমিটির সভা ।--**

সমিতির কার্য পরিচালনার জন্য প্রতিমাসে কমপক্ষে একবার ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান করিবে। সভা অনুষ্ঠানের ৭ দিনে পূর্বে আলোচ্যসূচিসহ নোটিশ প্রেরণ করিতে হইবে এবং সভা সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হইবে। কমিটির অর্ধেক সদস্য উপস্থিত থাকিলে সভার কোরাম হইবে। কোন মাসে আলোচ্যসূচী না থাকিলে তা লিখিতভাবে সকল সদস্যকে জানাইতে হইবে।

## বিবিধ

**২৮| সমিতির বিরোধ নিষ্পত্তির পদ্ধতি ।--**

সমিতির কোনো বিরোধ/বিবাদ দেখা গেলে সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক উহা মীমাংসা/নিষ্পত্তি করিতে না পারিলে সংক্ষুব্ধ ব্যক্তি উহা নিষ্পত্তির জন্য নিবন্ধক বরাবর উপযুক্ত কোর্ট ফি সংযুক্ত করিয়া সংক্ষুব্ধ পক্ষ ডিসপুট দায়ের করিতে পারিবেন। বিরোধ নিষ্পত্তিতে সমবায় সমিতি আইনের ধারা ৫০ হইতে ৫২ এবং সমবায় বিধিমালা ১১১ হইতে ১২২ পর্যন্ত অনুসরণ করিতে হইবে।

**২৯| সম্পত্তি বিক্রয়, বিনিময়ের উপর বিধিনিষেধ ।--**

সমিতির ব্যবস্থাপনা কমিটি সাধারণ সভার অনুমোদনক্রমে নিবন্ধকের অনুমতি ব্যতীত ইহার স্থাবর সম্পত্তি এবং যন্ত্রপাতি বা যানবাহনের ন্যায় সম্পত্তি যাহা সমিতির মূলধনের অংশ তাহা বিক্রয়, বিনিময় বা ৫(পাঁচ) বৎসরের অতিরিক্ত সময়ের জন্য ইজারা প্রদানের মাধ্যমে হস্তান্তর করিতে পারিবে না।



খোন্দকার মনিরুল ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা
নওগাঁ

**৩০| সমিতি অবসায়ন ।--**

সমবায় সমিতি আইন, ২০০১ এর ধারা ৫৩ হতে ৫৮ পর্যন্ত এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধি ১১১-১২২ পর্যন্ত অনুসরণপূর্বক কোন সমবায় সমিতির কার্যক্রম অবসায়নে ন্যস্ত করা যাইবে।

**৩১| সাধারণ ।--**

(ক) যে সকল বিষয় সম্পর্কে এই উপ-আইনগুলিতে কোনো নির্দেশ বা বিধান নাই তাহা বিদ্যমান সমবায় আইন ও বিধির নির্দেশ অনুসারে স্থিরীকৃত হইবে এবং যদি আইন ও বিধিতে তাহাদের কোনো বিধান না থাকে, তাহা হইলে এই উপ-আইনগুলি অমান্য না করিয়া নিবন্ধকের অনুমোদন সাপেক্ষে ব্যবস্থাপনা কমিটি যেরূপ বিবেচনা করিবেন সেইরূপ বিধান দিবেন;

(খ) এই উপ-আইনে যাহাই থাকুক না কেন, এই উপ-আইনের কোনো অনুচ্ছেদ বা উপ-অনুচ্ছেদ সর্বশেষ সংশোধনীসহ বিদ্যমান সমবায় সমিতি আইন, ২০০১ এর কোনো ধারা কিংবা বিদ্যমান সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর কোনো বিধির সাথে অসংগতিপূর্ণ কিংবা সাংঘর্ষিক প্রমাণিত হইলে তাহা তাৎক্ষণিক বাতিল ও অকার্যকর বলিয়া গণ্য হইবে এবং এই সমস্ত বিষয়াবলী বিদ্যমান সমবায় সমিতি আইন ও বিধি অনুযায়ী নিষ্পন্ন হইবে।

| ক্রমিক | নাম | পিতা/স্বামীর নাম | মোবাইল নং | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১ | মোঃ মমিনুল ইসলাম | মোঃ গোলাম মোস্তফা | ০১৭২৮৩২৪১৯২ | সদস্য, ব্যবস্থাপনা কমিটি | |
| ২ | মোঃ আব্দুল লতিফ | আব্বাস আলী মন্ডল | ০১৭৫৪১২২২৯১ | সদস্য, ব্যবস্থাপনা কমিটি | |
| ৩ | মোঃ বদিউজ্জামান রেজা | মোঃ আব্দুর রাজ্জাক | ০১৭২১৫৪৩৭১৭ | সভাপতি | |
| ৪ | মোঃ আবু মুছা স্বপন | মোঃ আবুল খায়ের | ০১৭৩৫০৭২৫৩২ | সম্পাদক | |
| ৫ | মোঃ তোফাজ্জল হোসেন | মোঃ আহম্মদ আলী | ০১৩১১২৫৯০১০ | সদস্য | |
| ৬ | মোঃ আব্দুল মালেক | মছির উদ্দিন | ০১৭২৮৪০২০২১ | সহ-সভাপতি | |
| ৭ | মোঃ রোস্তম আলী | মোঃ ইব্রাহীম হোসেন | ০১৭০৫০০৪৩৫৫ | সদস্য, ব্যবস্থাপনা কমিটি | |
| ৮ | মোঃ সেলিম রেজা | মোঃ আনছার আলী | ০১৭৫০৮৫৩৫৫৩ | সদস্য | |
| ৯ | মোঃ জাইদুল ইসলাম | আব্বাস আলী মন্ডল | ০১৮৪২৭৪৬১৬৫ | সদস্য | |
| ১০ | আব্দুল জব্বার | অহেদ আলী | ০১৭৯১৩৯৫৯৯৭ | সদস্য | |
| ১১ | মোঃ আব্দুল মান্নান | মোঃ মোসলেম উদ্দীন | ০১৭৩৬৫৯৭৮০৪ | সদস্য | |
| ১২ | নূর জামাল | আব্দুস সামাদ | ০১৭৮৬৫৩৪৩০৪ | সদস্য | |
| ১৩ | মোঃ আতিয়ার রহমান | আবজাল হোরসন | ০১৭৩৫৮১৭১২৭ | সদস্য | |
| ১৪ | মোঃ আনিছুর রহমান | মকবুল হোসেন | ০১৭৫৮৮০৮৬৯৯ | সদস্য | |
| ১৫ | মোঃ ফয়জুল ইসলাম | আব্দুল মন্ডল | ০১৭৭৭৪৯৩৭২৭ | সদস্য | |
| ১৬ | মোঃ মামুন রেজা | আব্দুল মন্ডল | ০১৭৩৬৪৫৭৩৫৯ | সদস্য | |
| ১৭ | মোঃ এনামুল হক | আয়জন আলী | ০১৭৬১৫২৮৫২৫ | সদস্য | |
| ১৮ | মোঃ সামছুল আলম | ইসমাইল | ০১৭৬৩৯৩৩৯৪৬ | সদস্য | |
| ১৯ | মোঃ রুবেল বাবু | মোঃ সিরাজুল ইসলাম | ০১৭৪৯৬০১০০৮ | সদস্য | |
| ২০ | মোঃ হেলাল হোসেন | তনছের আলী | ০১৭৫২১৮৫৬৬২ | সদস্য | |



খোন্দকার মনিরুল ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা
নওগাঁ

এই মর্মে প্রত্যয়ণ করা যাচ্ছে যে, ১নং ক্রমিক হইতে ২০নং ক্রমিক পর্যন্ত ব্যক্তিগণ আমার সম্মুখে স্বাক্ষর করেছেন। তারা সকলেই সমবায়ী মনোভাবাপন্ন, তারা এলাকার স্থায়ী বাসিন্দা। এই এলাকায় একই নামে অন্য কোন সমবায় সমিতি নাই, তারা সমবায় আইন ও বিধিমালার প্রতি শ্রদ্ধাশীল।

মোঃ বদিউজ্জামান রেজা
সংগঠক ও সভাপতি
স্মার্ট বাংলা কৃষি সমবায় সমিতি লিঃ
ঠিকানা: দক্ষিণ চকযদু
উপজেলা: ধামইরহাট, জেলা: নওগাঁ

খোন্দকার মনিরুল ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা
নওগাঁ

খোন্দকার মনিরুল ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা
নওগাঁ